



করোনাভাইরাস (কোভিড-১৯) মোকাবেলায় মানবিক সহায়তার আদর্শমানের প্রয়োগ

বিশ্বব্যাপী করোনাভাইরাস মহামারী আকারে ছড়িয়ে পড়েছে। ব্যক্তি, সমাজ, মানবিক সহায়তাকারী সংশ্লিষ্ট পক্ষ, স্থানীয় ও রাষ্ট্রীয় কর্তৃপক্ষ কীভাবে তাদের কর্মকাণ্ডের মাধ্যমে সকল করোনা-আক্রান্ত ব্যক্তির অধিকার নিশ্চিত করতে পারেন?

আমাদের দুর্যোগ মোকাবেলা কার্যক্রমে স্ফিয়ার ও তার সহ-আদর্শমানসমূহের দিক-নির্দেশনা

অনিশ্চয়তা, বিভ্রান্তিকর তথ্য ও উদভ্রান্ত পরিস্থিতিতে সবচেয়ে আগে দরকার ভাইরাসের বিস্তার রোধে যথাযথ পদক্ষেপ নেয়া। আর এই কাজটি কার্যকরভাবে করতে গুরুত্বপূর্ণ ও মৌলিক নীতি ও কার্যপ্রক্রিয়াগুলো জানা এবং এর সঠিক প্রয়োগ জরুরী।

২০১৪ সালে পশ্চিম আফ্রিকার ইবোলা সংক্রমণসহ বিশ্বব্যাপী বিভিন্ন মহামারী মোকাবেলার মধ্য দিয়ে মানবিক সহায়তা খাতে মহামারী মোকাবেলায় ইতিমধ্যে অনেক জ্ঞান ও অভিজ্ঞতা অর্জন করেছে। তৈরী করা হয়েছে অনেক ফলপ্রসূ কার্যপ্রক্রিয়া বা ওয়ার্ক মডেল। কোভিড-১৯ দুর্যোগ মোকাবেলায় কাজে লাগতে পারে এমন অনেক কিছু মানবিক সহায়তা সেট্টরে ইতিমধ্যেই তৈরী করা আছে। আপনি সেগুলো সরাসরি ব্যবহার করতে পারেন।

স্ফিয়ার হ্যান্ডবুক দুর্যোগ মোকাবেলার এমনই একটি সামগ্রিক বা কম্প্রিহেন্সিভ টুলস। স্ফিয়ার ও **হিউমেনিটারিয়ান স্ট্যান্ডার্ড পার্টনারশিপ** (এইচএসপি) দুর্যোগ মোকাবেলার ক্ষেত্রে প্রয়োজ্য বেশ কিছু **আদর্শমান ও নির্দেশিকা** তৈরী করেছে। সংজ্ঞায়িত করেছে মানবিক সহায়তা দেয়ার ন্যূনতম মান। **সকল বিপদাপন্ন ব্যক্তির এই ন্যূনতম মানের সহায়তা লাভের অধিকার আছে।** এই হ্যান্ডবুকে দুর্যোগাক্রান্ত মানুষের বেঁচে থাকার এবং আত্মমর্যাদার সাথে স্বাভাবিক জীবন ফিরে পাবার জন্য যা কিছু **প্রয়োজন** তার সব কিছুই বিধিবদ্ধ করা হয়েছে। স্ফিয়ার স্ট্যান্ডার্ড বিশেষ করে স্ফিয়ার হ্যান্ডবুকের স্বাস্থ্য, পানি, পয়ঃনিষ্কাশন ও স্বাস্থ্যবিধি প্রচার বা প্রমোশন অধ্যায়, কোভিড-১৯ এর মত জরুরী জনস্বাস্থ্য পরিস্থিতি তথা মহামারীর ক্ষেত্রে সরাসরি ব্যবহার্য।

একই ভাবে আমাদের সহ-আদর্শমান সমূহ যথা – **কোর হিউমেনিটারিয়ান স্ট্যান্ডার্ডস** বা **মানবিক সহায়তার মূল আদর্শমান সমূহ** এবং **নগদ সহায়তা, বয়স্ক ও প্রতিবন্ধী মানুষের অন্তর্ভুক্তি, জরুরী পরিস্থিতিতে শিক্ষা, শিশু সুরক্ষা** এবং **বাজার ও অর্থনৈতিক পুনরুদ্ধারের** আদর্শমান সমূহ, যা এইচএসপি-র অংশ।

আরও গুরুত্বপূর্ণ বিষয় হল, কারিগরি পরামর্শের পাশাপাশি স্ট্যান্ডার্ডগুলো মানুষের অধিকার, তথ্য সংগ্রহ ও প্রচার এবং জনসম্পৃক্ত করণ বিষয়েও নির্দেশনা দেয়ঃ

- তথ্যঃ** কী ঘটছে তা জানার অধিকার মানুষের আছে। তাদের কাছে বিশ্বাসযোগ্য হতে হবে যে দুর্যোগ মোকাবেলায় যে পদক্ষেপগুলো নেয়া হয়েছে তাতে তাদের ও তাদের কমিউনিটির সর্বোচ্চ স্বার্থ সংরক্ষিত হয়েছে। মহামারী বিষয়ে স্পষ্ট, স্বচ্ছ, সহজবোধ্য তথ্য, বিপদের প্রকৃতি এবং তাদের করণীয় বিষয়ে জানার অধিকার সকলের আছে।
- আত্ম-মর্যাদাঃ** মানুষ হিসাবে মানুষের যথাযথ মর্যাদা নিশ্চিত করা যেকোনো দুর্যোগ মোকাবেলার মূলভিত্তি। মনে রাখতে হবে মানুষ কেবল মাত্র একটা কেস নয়। এই সময়ে বিপন্ন জনগোষ্ঠী বিশেষত করোনাভাইরাসে আক্রান্ত ব্যক্তির এই রোগে আক্রান্ত হবার কারণে এক ধরনের হীনমন্যতায় ভোগেন। তারা বৈষম্যের শিকার হতে পারেন এই আশঙ্কায় তাদের অসুস্থতার বিষয়টি সবার কাছ থেকে আড়াল করতে চেষ্টা করেন। তাই সহমর্মিতার সাথে তথ্য দেয়া ও তাদের সঠিক যত্ন এখানে গুরুত্বপূর্ণ।
- সংঘবদ্ধ সামাজিক উদ্যোগঃ** যদি আপনি সমাজের মানুষের আস্থা অর্জন করতে চান বা কোনো তথ্য স্পষ্টভাবে সমাজে প্রচার করতে চান এবং সমাজের সকলকে (নারী, শিশু, প্রবীণ ব্যক্তি, প্রতিবন্ধী ব্যক্তি ও যারা সাধারণত এ ধরনের প্রক্রিয়া থেকে বাদ পড়ে যান) এই প্রক্রিয়ায় অন্তর্ভুক্ত করতে চান, তাহলে প্রথমে তাদের কথা মনোযোগ দিয়ে শুনুন। তাদের পরিস্থিতি তাদের দৃষ্টিকোণ দিয়ে বোঝার চেষ্টা করুন। তাদের বিশ্বাস ও রীতি-নীতিগুলো অনুধাবন করুন। এতে আপনি বিভিন্ন ভুল তথ্য ও গুজবগুলো বুঝতে পারবেন। ফলে গুজব বা ভুল তথ্য চিহ্নিত করে তা এড়িয়ে যাওয়া আপনার জন্য সহজ হবে।
- অন্যান্য বিভিন্ন সুবিধাবঞ্চিত গোষ্ঠী এবং অন্য নানাবিধ প্রয়োজনগুলোর কথা ভুলবেন না।** করোনাভাইরাস প্রতিরোধ করতে গিয়ে করোনা-আক্রান্ত ব্যক্তিদের অন্যান্য প্রয়োজন ও চাহিদা ভুলে গেলে চলবে না। এমন কি বৃহত্তর জনগোষ্ঠীর বিভিন্ন দীর্ঘমেয়াদি চাহিদা ও প্রয়োজনগুলোও আমাদের মনে রাখতে হবে।

আক্রান্ত জনগোষ্ঠীকে আপনি কীভাবে নিরাপদে ও মর্যাদার (dignified) সেবা দিবেন? পরের পাতাগুলোতে এ বিষয়ে একটি কারিগরি নির্দেশনা (technical guidance) দেয়া হয়েছে। উল্লেখিত লিঙ্কগুলোর মাধ্যমে আপনি মানবিক সহায়তার বিভিন্ন আদর্শমান সম্পর্কিত অংশে সরাসরি যেতে পারবেন।

আরও জানতে আমাদের সাথে যোগাযোগ করতে পারেন - info@spherestandards.org

www.spherestandards.org